Website : www.agranibank.org
TELEGRAM : AGRANIBANK
E-mail :

বিদ্যুতের অপচয় রোধ করুন
দেশের স্বার্থে সজাগ থাকুন

TELEPHONE : PABX 9566160-69 (10 Lines)
9566153 -54 (2 Lines)
9566074-75 (2 Lines)
হেড অফিস ঃ ৯/ডি, দিলকুশা বা/এ
মতিঝিল, ঢাকা।

অগ্রণী ব্যাংক লিমিটেড
Agrani Bank Limited

HEAD OFFICE : 9/D, Dilkusha C/A
Motijheel, Dhaka

এস্টাব্লিসমেন্ট এন্ড ইঞ্জিনিয়ারিং ডিভিশন

ইএন্ডইডি/ ইঞ্জিঃ/মেকা-২১৫/২০২১
তারিখ ঃ ১০/১০/২০২১

স্বত্তাধিকারী
খাদেম ইঞ্জিনিয়ারিং
ক-১৬৪/৬, আলী মার্কেট (২য় তলা)
খিলক্ষেত, ঢাকা-১২২৯।

বিষয় ঃ ২০২০-২০২১ সালের জন্য ম্যাকানিক্যাল কাজের জন্য তালিকাভূক্তির সময় জমাকৃত ১০০,০০০/- (এক লক্ষ) টাকা বাজেয়াপ্তকরণ; Contract No:E&ED/ENGG./MECHA-238/2020, Date: 01/10/2020 এর বিপরীতে জমাকৃত ১০% নিরাপত্তা জামানতের টাকা বাজেয়াপ্তকরণ; দরপত্র বিজ্ঞপ্তি নং- ইএন্ডইডি/ইঞ্জিঃ/মেকা-২/১৭৬/২০২১ তারিখঃ ২২/০৬/২০২১-এ দাখিলকৃত টেন্ডার সিকিউরিটি এবং আপনার প্রতিষ্ঠানকে কালো তালিকাভূক্ত করণ প্রসংগে।

প্রিয় মহোদয়,

অগ্রণী ব্যাংক লিমিটেড, স্যার ইকবাল রোড কর্পোরেট শাখা, খুলনা এবং মহাব্যবস্থাপকের সচিবালয়, খুলনা সার্কেল, খুলনা-এর জন্য শীততাপ যন্ত্র সরবরাহ ও সংস্থাপনের লক্ষ্যে আহবানকৃত দরপত্রে আপনাদের দাখিলকৃত দরপত্র সংশ্লিষ্ট দলিলাদি "বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড" এর লেটার প্যাডে দাখিলকৃত ওয়ার্ক অর্ডার এবং ওয়ার্ক কমপ্লিশন সার্টিফিকেট "বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড" কর্তৃক যাচাইকালীন ডকুমেন্টদ্বয় জাল মর্মে ব্যাংক কর্তৃক লিখিত মতামত প্রদান করা হয়েছে। পিপিআর-২০০৮ এর বিধি ১২৭ এর উপবিধি ২(খ) এ বর্ণিত এহেন প্রতারণামূলক কার্যের জন্য উপবিধি ৪ অনুযায়ী আপনার বিরুদ্ধে কেন ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে কারণ প্রদর্শনপূর্বক উক্ত পত্র প্রাপ্তির ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে জবাব প্রদানের পরামর্শ প্রদান করা হয়। আপনার পত্রে আপনি দায় স্বীকার করেছেন এবং আপনার কৃতকার্যের কারণে ব্যাংকের দাপ্তরিক কাজ ক্ষতিগ্রস্থ হওয়ায় আপনার প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যাংক কর্তপক্ষ কর্তৃক নিম্নলিখিত ব্যবস্থা গ্রহণের জন্য অনুমোদন দেওয়া হয়েছেঃ

ক) আপনার প্রতিষ্ঠানকে কালো তালিকাভূক্তকরণ।

খ) তালিকাভূক্তির সময় জমাকৃত ১০০,০০০/- (এক লক্ষ) টাকা বাজেয়াপ্ত করণ।

গ) বিগত ২০২০ সালে ০১/১০/২০২০ তারিখের Contract No:E&ED/ENGG./MECHA-238/2020 মোতাবেক কার্য সম্পাদনপূর্বক বিল পরিশোধকালীন কর্তণকৃত ১০% নিরাপত্তা জামানতের টাকা বাজেয়াপ্ত করণ।

ঘ) দরপত্র বিজ্ঞপ্তি নং- ইএন্ডইডি/ইঞ্জিঃ/মেকা-২/১৭৬/২০২১ তারিখঃ ২২/০৬/২০২১-এ দাখিলকৃত টেন্ডার সিকিউরিটি বাজেয়াপ্ত করণ।

এমতাবস্থায়, তালিকাভূক্তির সময় জমাকৃত ১০০,০০০/- (এক লক্ষ) টাকা, ০১/১০/২০২০ তারিখের Contract No:E&ED/ENGG./MECHA-238/2020 মোতাবেক কার্য সম্পাদনপূর্বক বিল পরিশোধকালীন কর্তণকৃত ১০% নিরাপত্তা জামানতের টাকা বজেয়াপ্তকরণ এবং দরপত্র বিজ্ঞপ্তি নং- ইএন্ডইডি/ইঞ্জিঃ/মেকা-২/১৭৬/২০২১ তারিখঃ ২২/০৬/২০২১-এ দাখিলকৃত টেন্ডার সিকিউরিটি বাজেয়াপ্ত করণসহ আপনাদের প্রতিষ্ঠানকে কালো তালিকাভূক্ত করা হল।

আপনার বিশ্বস্ত

(মোঃ নূরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক